কুষ্টিয়ার দৌলতপুরে অস্ত্র ও গুলিসহ ছাত্রদল নেতা আটক

কুষ্টিয়ার দৌলতপুরে একটি বিদেশি পিস্তল, চার রাউন্ড গুলি ও একটি ম্যাগাজিনসহ ছাত্রদল নেতা সৈকত মোল্লা নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

শুক্রবার (২৬ জুন) রাত ৯টার দিকে উপজেলার ভাগযোত মাছ বাজারে জাহিদের দোকানের সামনে পাকা সড়কে তল্লাশি চালিয়ে তার কোমর থেকে একটি বিদেশি পিস্তল, চার রাউন্ড গুলি ও একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়।

আটককৃত সৈকত মোল্লা (২৭) পাকুড়িয়া মহিষকুন্ডি গ্রামের গোলাম মোস্তফার ছেলে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমানের সার্বিক দিকনির্দেশনায় এসআই সৈকত, এএসআই মাজেদ, কনস্টেবল হাবিব ও কনস্টেবল আজম অভিযান পরিচালনা করে তাকে আটক করেন এবং অস্ত্র, গুলি ও ম্যাগাজিন উদ্ধার করেন।

এ বিষয়ে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ অভিযান পরিচালনা করে সৈকত নামে ওই যুবকের কাছ থেকে অস্ত্র, গুলি ও ম্যাগাজিন উদ্ধার করে। বর্তমানে তিনি পুলিশ হেফাজতে রয়েছেন। এ ঘটনায় অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন।